

সারাদেশ

কুষ্টিয়ায় পৃথক সড়ক দুর্ঘটনায় নারী ও অবসরপ্রাপ্ত সেনাসদস্যের মৃত্যু

প্রতিবেদক: কুষ্টিয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ২২ সেপ্টেম্বর ২০২৬, ০৯:২৮ PM



কুষ্টিয়ায় পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় এক নারী ও এক অবসরপ্রাপ্ত সেনাসদস্য নিহত হয়েছেন। মঙ্গলবার (২২সেপ্টেম্বর) কুষ্টিয়া সদর ও দৌলতপুর উপজেলায় এসব দুর্ঘটনা ঘটে।

নিহত ব্যক্তির হালাল চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার রথতলাপাড়ার বাসিন্দা চাইনা রানী বিশ্বাস (৫০) এবং কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার হাকিমপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনাসদস্য খন্দকার এহসান হাবীব (৬০)।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে অসুস্থ চাইনা রানী বিশ্বাসকে মোটরসাইকেলে করে কুষ্টিয়া শহরে ডাক্তার দেখাতে যাচ্ছিলেন স্বামী বিদ্যুৎ কুমার বিশ্বাস। পথে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের বিআরবি কেবলের সামনে পৌঁছালে পেছন থেকে একটি ট্রাক তাঁদের মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে দুজনই আহত হন।

পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক চাইনা রানী বিশ্বাসকে মৃত ঘোষণা করেন। আহত বিদ্যুৎ কুমার বিশ্বাসকে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

কুষ্টিয়া মডেল থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাকির হোসেন জানান, দুর্ঘটনার পর চালক ট্রাক নিয়ে পালিয়ে গেছেন। ট্রাক ও চালককে শনাক্তে পুলিশ কাজ করছে।

অপরদিকে একই দিন বেলা আড়াইটার দিকে দৌলতপুর উপজেলার আনসার-ভিডিপি ব্যাংকের সামনে ট্রলির ধাক্কায় অবসরপ্রাপ্ত সেনাসদস্য খন্দকার এহসান হাবীব নিহত হয়েছেন

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, অবসরপ্রাপ্ত সেনাসদস্য খন্দকার এহসান হাবীব মোটরসাইকেলযোগে দৌলতপুর থেকে উপজেলা পরিষদের দিকে যাচ্ছিলেন। পথে একটি পাখিভ্যানের সঙ্গে মোটরসাইকেলের ধাক্কা লাগলে তিনি সড়কে পড়ে যান। এ সময় পেছন থেকে আসা একটি ট্রলি তাকে ধাক্কা দিলে তিনি গুরুতর আহত হন। পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে দৌলতপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

দৌলতপুর থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান জানান, সড়ক দুর্ঘটনায় একজন অবসরপ্রাপ্ত সেনাসদস্য নিহত হয়েছেন। এ ঘটনায় আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে [ইমাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান] অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাখনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/kushtiyay-prithk-srk-durghtnay-nari-o-obsrprapt-senasdsjer-mritju>